তারিখ 04 SEP 1987
পৃষ্ঠা 4 কলাম 1

4

# উপজেলা পরিক্রমা

## শ্রীবর্দী

শেরপুর (শ্রীবর্দী), ৩ সেপ্টেম্বর (সংবাদদাতা)।— শেরপুর জেলার ১৪ কিলোমিটার উত্তর-পশ্চিম কোনে ভারতের গাড়ো পাহাড়ের পাদদেশে অবস্থিত শ্রীবর্দী উপজেলা। এর উত্তরে গাড়ো পাহাড়, দক্ষিণে শেরপুর সদর উপজেলা, পূর্বে ঝিনাইগাতী ও নালিতাবাড়ী উপজেলা, পশ্চিমে ইসলামপুর ও বকশিগঞ্জ উপজেলা। ১৮৭১ সালে শ্রীবর্দী থানা হিসেবে প্রতিষ্ঠিত হয়। ১৯৮২ সালে উপজেলায় উন্নীত হয়। পরে সরকার শ্রীবর্দী উপজেলাকে আদর্শ উপজেলা ঘোষণা করেন। এ উপজেলার আয়তন ৯৭.৪৭ বর্গমাইল। ১০টি ইউনিয়ন, মোট লোকসংখ্যা ১ লাখ ৯৮ হাজার ৪শ' ৩৩। পুরুষ ৯৯ হাজার ৬শ' ৬৯ জন। মহিলা ৯৮ হাজার ৭শ' ৬৪ জন। প্রতি বর্গমাইলে ২ হাজার ৩৬ জন লোক বাস করে।

### কৃষি ও বন

কৃষি উৎপাদনের ক্ষেত্রে এ উপজেলারয় ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলায় কৃষিজাত ফসলের মধ্যে ধান, পাট, গম উল্লেখযোগ্য। আম, কাঁঠাল প্রধান ফল। বনাঞ্চলের মধ্যে শাল, সেগুন, গজারী ইত্যাদি উল্লেখযোগ্য। মোট জমি ৬২ হাজার ৩শ' ৮০ একর, আবাদী জমি ৪৬ হাজার ১১ একর, অনাবাদী জমি ১৬ হাজার ৩শ' ৬৯ একর। একফসলী জমি ৯ হাজার ৬৭ একর, দোফসলী জমি ৩৩ হাজার ৮শ' ৪৪ একর, তিনফসলী জমি ৩ হাজার ৬০ একর, বনাঞ্চল ৪ হাজার ৬শ' ৭৭ একর, খাস জমি ৩শ' ১৫ একর, জলাশয় ১শ' ৫৭ একর। গভীর নলকূপ ৭২টি, অগভীর নলকূপ ২শ' ৫৭টি, পাওয়ার পাম্প ৩০টি ও নার্সারী ১টি।

### শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় শিক্ষার হার শতকরা ১৪.২০। এখানে ১টি সরকারী ডিগ্রী কলেজ, ১৪টি হাই স্কুল, ৬টি সিনিয়র মাদ্রাসা, ৪টি জুনিয়র মাদ্রাসা, ৭৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮০টি এবতেদায়ী মাদ্রাসা ও ২টি এতিমখানা আছে।

### যোযাযোগ ব্যবস্থা

এ উপজেলার রাস্তা ২শ' ৫৫ কিলোমিটার। এর মধ্যে ইটের সোলিং ১৮ কিলোমিটার, বাকি রাস্তা কাঁচা। জেলা সদরের সাথে যোগাযোগের রাস্তাটির উপর একটি বিকল্প ব্রীজ আছে। উপজেলায় ৯টি পোস্ট অফিস, ১৬টি সাব-পোস্ট অফিস ও ১টি তার অফিস, এবং ১টি টেলিফোন এক্সচেঞ্জ আছে।

### স্বাস্থ্য ব্যবস্থা

এ উপজেলায় ৩১ শয্যাবিশিষ্ট একটি সরকারী হাসপাতাল আছে। ৩টি পরিবার পরিকল্পনা কেন্দ্র, একটি ম্যালেরিয়া স্টেট্রাস আছে। এখানের মাটিতে আয়োডিনের অভাবে গলগণ্ড রোগের প্রাদুর্ভাব বেশী।